

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রশাসন শাখা

মাদক অপরাধ দমনে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সাথে রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং বিষয়ে প্রশাসনিক কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করে গতিশীল করার লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।
সভার তারিখ	২০ সেপ্টেম্বর, ২০২১খ্রি।
সভার সময়	বিকাল ০৪.০০ ঘটিকা।
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সভার প্রারম্ভে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে তথ্য প্রযুক্তিতে অধিক দক্ষ করে গড়ে তুলতে এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে সুসম্পর্ক বজায় রাখতে রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতি মাদক অপরাধের সাথে জড়িত গডফাদার, মাদক চোরাকারবারীদের হোতা ও সহায়তাকারীদের আইনের আওতায় নিয়ে আসা এবং মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স বাস্তবায়নে সকল আইন প্রয়োগকারী সংস্থা ও প্রতিবেশী দেশসমূহের সাথে এ বিষয়ে তথ্য বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

২। অতঃপর সভায় সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.১। প্রশাসনিক কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ বিষয়ে অভিজ্ঞদের নিয়ে অবিলম্বে একটি কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে।

২.২। অধিদপ্তরের সেবা গ্রহীতা/ লাইসেন্সী/ অংশীজনের লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।


২.৩। অধিদপ্তর সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ অফিস আদেশ/প্রজ্ঞাপন/পরিপত্র/বিভিন্ন কমিটি ইত্যাদি জরুরী প্রয়োজনে পাওয়া যায় না বিধায় তা সংরক্ষণে একটি কর্ণার স্থাপন করা যেতে পারে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/খুলনা/রংপুর।
- ৩) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) উপপরিচালক (প্রশাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) অফিস কপি।



মোহা: জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)